

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। সরকারি কলেজ শাখা-২ www.dshe.gov.bd



১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ তারিখ: ২৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৬৫১

### অফিস আদেশ

বোয়ালমারী সরকারি কলেজ, বোয়ালমারী, ফরিদপুর-এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব এস এম নজরুল ইসলাম (আইডি-৪৪২৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পদায়নজনিত কারণে ০৪-০৩-২০২৪ তারিখে দায়িবভার হস্তান্তর করেন এবং কলেজের জ্যেষ্ঠ কর্মকর্তা রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মোহাম্মদ আলী হোসেন মোল্লা এবং দর্শন বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মো: খুরশিদ আলম মল্লিক বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে (ইনসিটু: বোয়ালমারী সরকারি কলেজ, ফরিদপুর) কর্মরত থাকায় হিসাব রক্ষণ অফিসের মৌখিক আপত্তির প্রেক্ষিতে পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষক ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মো: কামরুল হাসান (আইডি-১৪৪৮৭) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িবভার গ্রহণ করেন। সে মোতাবেক তিনি আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কলেজের কর্মচারীদের বেতনভাতাদি ও জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে জনাব মো: কামরুল হাসান (আইডি-১৪৪৮৭)-কে নিম্নে উল্লিখিত শর্ত মোতাবেক দায়িবভার গ্রহণের তারিখ হতে সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

#### শর্তসমূহ:

- পরবর্তীতে অধ্যক্ষ/উপাধ্যক্ষ যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষ(ভাক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৮-০৩-২০২৪ মোঃ তানভীর হাসান সহকারী পরিচালক ad\_college2@dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৬৫১/১ (৭)

১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ তারিখ: ২৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

## অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৪। জনাব মো: কামরুল হাসান (আইডি-১৪৪৮৭), বোয়ালমারী সরকারি কলেজ, বোয়ালমারী, ফরিদপুর;
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৬। বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ....; এবং
- ৭। সংরক্ষণ নথি।



২৮-০৩-২০২৪ মোঃ তানভীর হাসান সহকারী পরিচালক

# সকল সংযুক্তিসমূহ:

(১) বোসকফ/55/24 - বোয়ালমারী সরকারি কলেজের আর্থিক ক্ষমতা প্রদান।